

# নদিয়া জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ

বর্ণপরিচয় ভবন, কৃষ্ণনগর, নদিয়া

পিননং-৭৪১১০১



০৩৪৭২-২৫২৯৩৭/২৫২৭৬৪

পত্রাংক-----

দিনাংক-----

## নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

৩০শে আগস্ট, ২০০৯ বিভিন্ন সংবাদ পত্রে প্রকাশিত প্রাথমিক শিক্ষক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যাঁদের নাম কল্যাণী, কৃষ্ণনগর, রানাঘাট ও কলকাতার বেন্টিঙ্ক স্ট্রীট কর্মবিনিয়োগ কেন্দ্র থেকে ২০০৬ সালে নদিয়া জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদে প্রেরণ করা হয়েছিল কিন্তু অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়া বন্ধ থাকায় এতদিন পর্যন্ত নিয়োগের জন্য বিবেচিত হয়নি তাঁরা নিম্নলিখিত সূচী অনুসারে সংসদ কার্যালয়ে সকাল ১১টা থেকে বেলা ৪টা পর্যন্ত বিনামূল্যে আবেদন পত্র সংগ্রহ ও পূরণ করা আবেদনপত্র জমা দিতে পারবেন।

কর্মবিনিয়োগ কেন্দ্র থেকে প্রেরিত প্রার্থীকে আবেদন পত্র নেওয়ার সময়ে কর্মবিনিয়োগ কেন্দ্রের মূল কার্ড এবং মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মূল মার্কশীট প্রদর্শন করতে হবে যার পিছনে প্রদানকারী ব্যক্তি শীলমোহর (Stamp) দেবেন। মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মূল মার্কশীট ল্যামিনেশন করা থাকলে শীলমোহর দেওয়ার প্রয়োজনে মার্কশীটের পিছনের দিকে যথেষ্ট পরিমাণ অংশ ল্যামিনেশন মুক্ত করে আনতে হবে। মার্কশীট ব্যতীত কোন আবেদন পত্র বন্টন করা হবে না।

কর্মবিনিয়োগ কেন্দ্রের নাম	আবেদন পত্র বন্টনের তারিখ	পূরণ করা আবেদন পত্র গ্রহণের তারিখ
১) কল্যাণী	২২,২৩,২৪ সেপ্টেম্বর, ২০০৯	১৫,১৬ অক্টোবর, ২০০৯
২) কৃষ্ণনগর	৫,৬,৭,৮,৯,১০ অক্টোবর, ২০০৯	২০,২১,২২ অক্টোবর, ২০০৯
৩) রানাঘাট	১২,১৩,১৪ অক্টোবর, ২০০৯	২৩,২৪ অক্টোবর, ২০০৯
৪) বেন্টিঙ্ক স্ট্রীট, কলকাতা	উপরে উল্লেখিত যে কোন দিন	উপরে উল্লেখিত যে কোন দিন

উপরিউক্ত প্রক্রিয়াগুলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রেরিত কর্মপ্রার্থীরা নীচের দেওয়া ওয়েবসাইটগুলিতে তাঁদের নাম সম্পর্কে নিশ্চিত হতে পারবেন।

- ১) [dpscnadia.org](http://dpscnadia.org)
- ২) [nadia.gov.in](http://nadia.gov.in)
- ৩) [nadiazillaparishad.gov.in](http://nadiazillaparishad.gov.in)

ডঃ মানিক মৈত্র

সভাপতি

নদিয়া জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ